# কসর ও জমা করে সালাত আদায় সম্পর্কে কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ মুসাফিরের সালাত ও অন্যান্য বিধি-বিধান নিয়ে কিছু প্রশ্নোত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১০ যদি কেউ যোহর ও আসর অথবা মাগরিব ও ইশা আগাম জমা করে পড়ে নিল, তারপর সে তার শহরে এমন সময়ে প্রবেশ করলো যে আসর কিংবা ইশার সালাতের ইকামত হচ্ছে, অথবা সেগুলোর আযানের পূর্বেই সে তার জায়গায় প্রবেশ করলো, এমতাবস্থায় সে কি সালাতে প্রবেশ করবে এবং তাদের সাথেও সালাত আদায় করবে?

তাদের সাথে সালাতে প্রবেশ করার আবশ্যকতা তার উপর নেই। কারণ সে সালাত আদায় করে নিয়েছে এবং নিজের দায়িত্ব থেকে মুক্ত হতে পেরেছে। সুতরাং তার উপর কর্তব্য নয় তাদের সাথে সালাত আদায় করা; কারণ সে তা আদায় করে নিয়েছে এবং পূর্ববর্তী সালাতে সাথে আগাম জমা করেছে। তবে যদি সে তাদের সাথে নফল সালাতের নিয়্যতে প্রবেশ করে এবং তার থেকে সন্দেহ-সংশয় দূর করতে চায় তবে তা উত্তম।

আর এ মতটি শাইখুল ইসলাম ইবন তাইমিয়্যাহ রহ. পছন্দ করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7307

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন